

India-US hold 2 plus 2 intersessional meeting

September 11, 2020

ভারত-আমেরিকা টু প্লাস টু আন্তঃঅধিবেশন

সেপ্টেম্বর 11, 2020

11ই সেপ্টেম্বর 2020 তারিখে ভারত এবং আমেরিকা সরকারি স্তরে ভার্চুয়ালি 2+2 আন্তঃঅধিবেশন বৈঠক করেছে। ভারতের প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন বিদেশ মন্ত্রকের যুগ্ম সচিব (আমেরিকা) শ্রীমতি বানী রাও এবং প্রতিরক্ষা মন্ত্রকের যুগ্মসচিব (আন্তর্জাতিক সহযোগিতা) শ্রী সোমনাথ ঘোষ। আমেরিকা প্রতিনিধি দলের যুগ্মভাবে নেতৃত্ব দিয়েছেন আমেরিকা ডিপার্টমেন্ট অব স্টেটের দক্ষিণ এবং মধ্য এশিয়া বিষয়ক ব্যুরোর বরিশ্ত ব্যুরো আধিকারিক শ্রী ডিন থমসন, এবং আমেরিকার প্রতিরক্ষা দপ্তরের ভারত-প্রশান্ত মহাসাগরীয় সুরক্ষা বিষয়ক কার্যকরি সহকারী সচিব শ্রী ডেভিড হেলভে।

উভয় পক্ষ 18ই ডিসেম্বর 2019 তারিখে ওয়াশিংটন ডিসিতে অনুষ্ঠিত হওয়া শেষ 2+2 মন্ত্রী স্তরীয় বৈঠকের পর থেকে সামরিক, সুরক্ষা এবং বিদেশনীতির ক্ষেত্রে দ্বিপাক্ষিক চুক্তির অগ্রগতি পর্যালোচনা করেছেন। তারা পারস্পরিক স্বার্থের ভিত্তিতে এই সকল ক্ষেত্রে চালু থাকা সহযোগিতাগুলির বৃদ্ধির সুযোগের অনুসন্ধান করেছেন। তারা আঞ্চলিক বিকাশ সম্পর্কে তাদের মত বিনিময় করেছেন এবং একটি স্বাধীন, উন্মুক্ত, একত্রিত, শান্তিপূর্ণ এবং সমৃদ্ধিশালী ইন্দো-পেসিফিক অঞ্চল অন্বেষণে তারা সহমত হয়েছেন।

2+2 মন্ত্রীস্তরীয়র অনুসারী হিসেবে আন্তঃঅধিবেশন বৈঠক কার্যপদ্ধতিটি গঠিত হয়েছে। ভবিষ্যতে এই আলোচনা চালিয়ে যাবার জন্য দুই পক্ষ সহমত হয়েছেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 11, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.